DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 10:02 PM

জাতীয়

# নবম পে স্কেলের খসড়া চূড়ান্ত, সর্বোচ্চ ১০০ শতাংশ বেতন বাড়ানোর সুপারিশ

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ১৫ আগস্ট ২০২৬, ১১:০২ AM




সরকারি চাকরিজীবীদের জন্য নতুন বেতন কাঠামো বাস্তবায়নের প্রক্রিয়া এগিয়ে যাচ্ছে। নবম জাতীয় পে স্কেলের খসড়া প্রস্তাব চূড়ান্ত করেছে সংশ্লিষ্ট সচিব কমিটি। সরকারের অনুমোদনের জন্য আগামী সপ্তাহে এটি মন্ত্রিসভার বৈঠকে উপস্থাপনের প্রস্তুতি চলছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, প্রস্তাবিত নতুন বেতন কাঠামোয় সরকারি চাকরিজীবীদের মূল বেতন সর্বোচ্চ ১০০ শতাংশ পর্যন্ত বাড়ানোর সুপারিশ করা হয়েছে। তবে সব গ্রেডে একই হারে বেতন বাড়বে না। গ্রেডভেদে বেতন বৃদ্ধির হার কিছুটা কম-বেশি হতে পারে।

খসড়া প্রস্তাবটি মন্ত্রিসভায় উপস্থাপনের আগে অর্থ বিভাগ প্রধানমন্ত্রীর সম্মতি নেওয়ার প্রক্রিয়া সম্পন্ন করবে। এরপর মন্ত্রিসভার বৈঠকে এটি অনুমোদনের জন্য তোলা হবে।

সচিব কমিটির এক সদস্য নাম প্রকাশ না করার শর্তে বলেন, নতুন বেতন কাঠামো কত ধাপে বাস্তবায়ন করা হবে, সে সিদ্ধান্ত মন্ত্রিসভা নেবে। খসড়ায় বেতন বৃদ্ধির একটি কাঠামো প্রস্তাব করা হয়েছে, তবে চূড়ান্ত সিদ্ধান্ত সরকারের।

সংশ্লিষ্ট ব্যক্তিরা মনে করছেন, নিম্ন গ্রেডের সরকারি কর্মচারীদের আর্থিক চাপ তুলনামূলক বেশি হওয়ায় তাঁদের বেতন ধাপে ধাপে না বাড়িয়ে

একবারে বাড়ানোর বিষয়টি বিবেচনা করা প্রয়োজন। তাঁদের মতে, নিম্ন গ্রেডে সর্বোচ্চ ১০০ শতাংশ পর্যন্ত বেতন বাড়ানো যেতে পারে। অন্যদিকে উচ্চ গ্রেডের ক্ষেত্রে ধাপে ধাপে বেতন বাড়ানোর ব্যবস্থা করা হতে পারে।

তবে নতুন পে স্কেল কবে থেকে কার্যকর হবে এবং কোন গ্রেডে কত টাকা বেতন নির্ধারণ করা হবে, তা এখনো চূড়ান্ত হয়নি। মন্ত্রিসভার অনুমোদনের পরই এসব বিষয়ে স্পষ্ট সিদ্ধান্ত পাওয়া যাবে।

নতুন বেতন কাঠামো বাস্তবায়িত হলে সরকারি চাকরিজীবীদের দীর্ঘদিনের প্রত্যাশিত পে স্কেল বাস্তবায়নের পথ আরও এগিয়ে যাবে।

---

## এ বিভাগের আরও খবর




**গ্যাস-সংকট কাটাতে ২ বছর সময় লাগবে: বাণিজ্যমন্ত্রী**
গ্যাস সংকটের কারণে শিল্প-কারখানায় যে দুর্ভোগ তৈরি হয়েছে, তা দীর্ঘদিনের উত্তরাধিকার সূত্রে পাওয়া সমস্যা বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী খন্...




**ন্যায়বিচার নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব: আইনমন্ত্রী**
ন্যায়বিচারে প্রবেশাধিকার নিশ্চিত করা মানবাধিকার নিশ্চিত করারই অংশ বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি...



**সংসদ অধিবেশনে আসছে ১০ বছরের জ্বালানি পরিকল্পনা: প্রধানমন্ত্রী**
দেশের বিদ্যুৎ ও জ্বালানি সংকট সমাধানে আগামী ২৭ তারিখে শুরু হতে যাওয়া সংসদ অধিবেশনে ১০ বছর মেয়াদি পরিকল্পনা উপস্থাপনের ঘোষণা দিয়েছেন প্রধানমন...




**আগামীকাল কিশোরগঞ্জে ইমাম-মুয়াজ্জিনদের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী**

কিশোরগঞ্জে মসজিদের ইমাম-মুয়াজ্জিনসহ অন্যান্য উপাসনালয়ের সেবকদের চলতি অর্থবছরের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।রবিবার (১৬ আগস্...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/nbm-pe-skeler-khsra-churant-srbochch-100-shtangsh-betn-baranor-suparish